**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
নগর ভবন, ১০ বি বি রোড
নারায়ণগঞ্জ।
www.ncc.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং-৪৬.১৬.০০০০.০১১.৩১(৫৪).১৫৩.২৬. ২২৭ — তারিখ: ২৭/০১/২০২৬ খ্রি.

**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নিয়ন্ত্রনাধীন হাট-বাজার/খেয়াঘাট/সায়রাত মহাল ১৪৩৩ বঙ্গাব্দের জন্য সনের ইজারা বিজ্ঞপ্তি।**

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন নিম্নবর্ণিত হাট-বাজার /খেয়াঘাট/ সায়রাত মহাল ১৪৩৩ বঙ্গাব্দের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত (১ বছর মেয়াদে) অস্থায়ী ইজারা প্রদানের জন্য আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত সময়সূচি মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত শর্ত সম্বলিত দরপত্র অফিস চলাকালীন সময়ে নগর ভবনের হিসাব শাখা; জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা; পুলিশ সুপার, নারায়ণগঞ্জ এর কার্যালয়; সিটি কর্পোরেশনের কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয় হতে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে এবং উক্ত কার্যালয়সমূহে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র জমা দেওয়া যাবে। গৃহীত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচি অনুযায়ী নগর ভবনে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য সিটি কর্পোরেশনের ০৩ (তিন) টি আঞ্চলিক কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। দরপত্রের সাথে অবশ্যই জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। দরপত্রের সাথে দরদাতার (প্রস্তাবিত) দরের ১০০% অর্থ প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর অনুকূলে পে-অর্ডার জমা দিতে হবে। ইজারাদারকে প্রস্তাবিত মূল্যের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট, ১০% আয়করের সমপরিমাণ টাকা পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ইজারা প্রাপ্তির পর ৫% জামানত পরিশোধ করত: ৩০০/-টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে সিটি কর্পোরেশনের সাথে চুক্তিপত্র সম্পাদনের পর হাট-বাজার/খেয়াঘাট/ সায়রাত মহাল দখল বুঝিয়ে দেয়া হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত শর্তাবলী দরপত্রের সঙ্গে লিপিবদ্ধ রয়েছে। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র বাতিল বা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। দরপত্রের বিষয়ে বিস্তারিত জানতে সিটি কর্পোরেশনের ওয়েব পেইজ www.ncc.gov.bd দেখা যেতে পারে।

| ক্র:নং | হাটবাজার/খেয়াঘাট/সায়রাত মহালের নাম | ১৪৩৩ বঙ্গাব্দের জন্য কাঙ্খিত মূল্য | বায়নার পরিমাণ (প্রস্তাবিত মূল্যের) | দরপত্র মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|---|
| ১ | গোদনাইল হাট বাজার | ২,০৬,৩৪৭/- | ১০০% | ১,২০০/- |
| ২ | ভগবানগঞ্জ বাজার | ১,৮৪,৭২৩/- | ১০০% | ১,০০০/- |
| ৩ | কালীর বাজার | ২,৭৩,৬৫২/- | ১০০% | ১২০০/- |
| ৪ | বন্দর বাজার | ১৩,৭৬,২৩৪/- | ১০০% | ৩,২০০/- |
| ৫ | ইস্পাহানি বাজার | ২,৭৮,৬৯২/- | ১০০% | ১,২০০/- |
| ৬ | মদনগঞ্জ বাজার | ৩৪,৯৮০/- | ১০০% | ৫০০/- |
| ৭ | সোনাকান্দা হাট | ৪,৬৬,৪০০/- | ১০০% | ১৪০০/- |
| ৮ | নবীগঞ্জ সিএনজি ও থ্রি হুইলার যান স্ট্যান্ড কামাল উদ্দিনের মোড়সহ (ফেরিদ্বারা পারাপার হয়ে চলে যাওয়া কোনো যানবাহনই স্ট্যান্ডের টোলের আওতাভুক্ত নয়)। | ৬০,৮৩,১৬২/- | ১০০% | ১৩,৮০০/- |
| ৯ | বন্দর ১ নং খেয়াঘাট রোড ও পার্শ্বস্থ সিএনজি ও থ্রি হুইলার যান পার্কিং স্ট্যান্ড। | ১৩,৮৫,০৬৭/- | ১০০% | ৩,৪০০/- |
| ১০ | পশ্চিমপাড় নিতাইগঞ্জ ত্রিবেনী খেয়াঘাট, পূর্বপাড় বন্দর থানা খেয়াঘাট। | ৮,২৫,৫৬২/- | ১০০% | ২,২০০/- |
| ১১ | পশ্চিমপাড় বরফকল খেয়াঘাট, পূর্বপাড় জমাল সোপ ফ্যাক্টরি খেয়াঘাট। | ১৭,০৫,০০০/- | ১০০% | ৪,০০০/- |
| ১২ | পশ্চিমপাড় লক্ষীনারায়ণ খেয়াঘাট, পূর্বপাড় চৌরাপাড়া খেয়াঘাট। | ১০,২৩,২২০/- | ১০০% | ৩,১০০/- |
| ১৩ | পশ্চিমপাড় মীরপাড়া খেয়াঘাট, পূর্বপাড় উত্তর লক্ষণখোলা খেয়াঘাট। | ৩,১৯,০০০/- | ১০০% | ১,২০০/- |
| ১৪ | পশ্চিমপাড় সুমীল পাড়া খেয়াঘাট, পূর্বপাড় সাধুর ঘাট খেয়াঘাট। | ৪,৫১,০০০/- | ১০০% | ১,৬০০/- |
| ১৫ | সোনা মিয়া বাজার পশু জবাইখানা | ৫৭,৯৪৭/- | ১০০% | ৫০০/- |

<u>দরপত্র ক্রয় ও দাখিলের সময়সূচি:</u>

| ক্রমিক নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র জমাদানের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম দফা | ২৬/০১/২০২৬ খ্রি. হতে ২৮/০১/২০২৬খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ২৯/০১/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত। | ২৯/০১/২০২৬ খ্রি. বিকাল ০৩.০০ টা |
| ২য় দফা | ২২/০২/২০২৬ খ্রি. হতে ২৪/০২/২০২৬খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ২৫/০২/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত। | ২৫/০২/২০২৬ খ্রি. বিকাল ০২.০০ টা |
| ৩য় দফা | ০৮/০৩/২০২৬ খ্রি. হতে ১০/০৩/২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ১১/০৩/২০২৬ খ্রি. সকাল ৯.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত। | ১১/০৩/২০২৬ খ্রি. বিকাল ০২.০০ টা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৪র্থ দফা | ০৫/০৪/২০২৬ খ্রি. হতে ০৭/০৪/২০২৬ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ০৮/০৪/২০২৬ খ্রি. সকাল ৯.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত। | ০৮/০৪/২০২৬ খ্রি. বিকাল ০৩.০০টা |
| ৫ম দফা | ১৭/০৫/২০২৬ খ্রি. হতে ১৯/০৫/২০২৬খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ২০/০৫/২০২৬ খ্রি. সকাল ৯.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত। | ২০/০৫/২০২৬ খ্রি. বিকাল ০৩.০০ টা |
| ৬ষ্ঠ বার | ২১/০৬/২০২৬ খ্রি. হতে ২৩/০৬/২০২৬খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত। | ২৪/০৬/২০২৬ খ্রি. সকাল ৯.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত। | ২৪/০৬/২০২৬ খ্রি. বিকাল ০৩.০০ টা |

বি:দ্র: কোনো দফায় কোনো সায়রাত মহালের প্রাপ্ত দর গৃহীত হলে, পরবর্তী দফায় ঐ মহালের দরপত্র গ্রহণযোগ্য হবে না।
( এটি সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি। পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি www.ncc.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে)।

২৯/০১/২৬
(মো: নূর কুতুবুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
ও
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন: ২২৪৪৩৮৬৯৬
ই-মেইল :secretary@ncc.gov.bd

শর্তাবলী:

১। দরদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে এবং খামের উপরে ইজারার জন্য দাখিলকৃত বাজার/স্ট্যান্ড/খেয়াঘাটের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
২। দরদাতাকে প্রস্তাবিত দরের ১০০% টাকা প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে এবং প্রস্তাবিত মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর বাবদ অতিরিক্ত টাকার পে-অর্ডার দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৩। অস্পষ্ট, কাটা-ছেঁড়া, ঘষা-মাজা সম্বলিত দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে দরপত্র ক্রয়ের রশিদ এবং জাতীয় পরিচয় পত্রের ফটোকপি অবশ্যই সংযুক্ত করতে হবে।
৪। দরপত্রে বর্ণিত সর্বোচ্চ দরদাতার দর গ্রহণ করা হবে, যদি উক্ত দর কাঙ্খিত মূল্য/কাঙ্খিত মূল্যের বেশি হয়।
৫। নির্দিষ্ট সময়ে টেন্ডার বাক্স বন্ধ হয়ে যাওয়ার পর কোনো দরপত্র গ্রহণ করা হবে না। দুই বা ততোধিক দরদাতা দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৬। কারো নিকট থেকে সিটি কর্পোরেশন কোনো পাওনা বাকি থাকলে তিনি ইজারা কার্যক্রমে অংশ গ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন।
৭। দরদাতাগণ নিজ দায়িত্বে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে তাঁর দর গৃহীত হয়েছে কি-না, সে বিষয়ে অবহিত হবেন। সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হয়েছে মর্মে অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে তাকে দরপত্রে প্রস্তাবিত মূল্যের উপর ৫% জামানত জমা দিতে হবে।
৮। ইজারাদার ব্যক্তি ইজারার বিষয়ে সুশৃংখল পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় বিশেষ শর্তাবলী সহকারে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনের পর ইজারার দখল ইজারাদারকে বুঝিয়ে দেয়া হবে।
৯। টোল আদায় সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এবং আলোর ব্যবস্থা ইজারাদারকে করতে হবে। ইজারাকৃত স্থানে সিটি কর্পোরেশনের লিখিত অনুমতি ব্যতিরেকে কাঁচা বা পাকা অবকাঠামো নির্মাণ করা যাবে না।
১০। ইজারা সম্পর্কিত বিষয়সমূহের উপর অত্র সিটি কর্পোরেশনের লিখিত অনুমতি ব্যতিরেকে কাঁচাপাকা কোনো অবকাঠামো নির্মাণ করা যাবে না। ইজারা প্রদানকৃত হাটবাজার/খেয়াঘাট/স্ট্যান্ড এর বাহিরে বক্স বসিয়ে বিভিন্ন কৌশলে টোল অদায় করা যাবে না।
১১। কোনো ক্রমেই ইজারা প্রাপ্ত মহাল অপর কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ইজারা বা বন্দোবস্ত (সাবলিজ) দেয়া যাবে না। ইজারাদার নিজ খরচে ১টি পরিদর্শন বই সংরক্ষণ করবেন।
১২। ইজারার বিষয় পরিচালনায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রেইটে টোল আদায় করতে হবে এবং ইজারাদার কর্তৃক নিজ খরচে টোল রেইটের তালিকা দৃশ্যমান স্থানে টাংগিয়ে রাখতে হবে। **বিভিন্ন সায়রাত মহালের টোল হার : (১) সি এনজি ও থ্রি হুইলার যান স্ট্যান্ডের টোলের হার: সি এনজি ও থ্রি হুইলার যান স্ট্যান্ডের** পার্কিং ফি দৈনিক ২০/- টাকা, (২) **জবাইখানা ফি:** ছাগল/ ভেড়া প্রতিটি জবাই ফি ৫০/- টাকা, গরু প্রতিটি ১০০/- টাকা, মহিষ প্রতিটি ১০০/- টাকা। **হাট বাজারের অনুমোদিত পেরিফেরি/ষ্ট্যান্ডের নির্ধারিত এলাকা/খেয়াঘাটে টোল আদায় করা যাবে। কোনক্রমেই উক্ত এলাকার বাহিরে টোল আদায় কার্যক্রম পরিচালনা করা যাবে না। ফেরি দ্বারা পারপার হওয়া মানুষ/যানবাহনের নিকট হতে টোল আদায় করা যাবে না। এ শর্তের লঙ্গন হলে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। কর্তৃপক্ষ প্রয়োজনে ইজারা বাতিল করতে পারবে।**
১৩। হাট বাজার/ খেয়াঘাটের টোল আদায়ের ক্ষেত্রে সিটি কর্পোরেশন হতে সরবরাহকৃত টোল রেইট প্রযোজ্য হবে।
১৪। ইজারার এক বা একাধিক শর্ত ভঙ্গ হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত জামানত বাজেয়াপ্ত হবে।
১৫। সরকার এবং সিটি কর্পোরেশন কর্তৃক ইজারা সংক্রান্ত পরবর্তীতে যে সকল নির্দেশ জারি করা হবে ইজারাদার তা মেনে চলতে বাধ্য থাকবেন।
১৬। ইজারা গ্রহণকৃত স্থানে ইজারাদার (প্রযোজ্য ক্ষেত্রে) নিজস্ব ব্যবস্থাপনায় পানি, বিদ্যুৎ এর ব্যবস্থা করবেন এবং ব্যবহৃত বিদ্যুৎ ও পানির বিল পরিশোধ করবেন। এতে সিটি কর্পোরেশনের কোনো সংশ্লেষ থাকবে না ।
১৭। ইজারাদার নিজ দায়িত্বে ইজারাকৃত স্থান অবশ্যই পরিষ্কার -পরিচ্ছন্ন রাখবেন।
১৮। কোনো সংগঠন অপ্রাপ্ত বয়ষ্ক ব্যক্তি বা একাধিক ব্যক্তির নামে দরপত্র ক্রয় বা দাখিল করা যাবে না।
১৯। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
২০। হাট-বাজার/খেয়াঘাট/স্ট্যান্ড ইত্যাদির ইজারা সংশ্লিষ্ট টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
২১। কোনো দফায় কোনো সায়রাত মহাল ইজারা গ্রহণের জন্য প্রাপ্ত দর গৃহীত হলে পরবর্তী দফায় ঐ মহাল এর জন্য দরপত্র ক্রয় বিক্রি/দাখিল প্রযোজ্য নয়।
২২। উপরে বর্ণিত হয়নি এরুপ ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান প্রযোজ্য হবে।

২৯/০১/২৬
(মো: নূর কুতুবুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
ও
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

CamScanner

স্মারক নং-৪৬.১৬.০০০০.০১১.৩১(৫৪).১৫৩.২৬. তারিখঃ /০১/২০২৬ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৪। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। পোস্ট মাস্টার জেনারেল, নারায়ণগঞ্জ।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। নির্বাহী প্রকৌশলী (সকল), আঞ্চলিক কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। যুগ্ম-পরিচালক, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ নদী বন্দর।
১২। সহকারী সচিব (সকল), আঞ্চলিক কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নারায়ণগঞ্জ/সিদ্ধিরগঞ্জ/বন্দর থানা (তাঁকে বিজ্ঞপ্তির সময়সূচি অনুযায়ী ইজারা কার্যক্রম চলাকালীন সময়ে আইন-শৃঙ্খলা রক্ষার ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো)।
১৪। জনাব মোঃ মঈনুল ইসলাম, তথ্য প্রযুক্তি কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি সিটি কর্পোরেশনের অনলাইন এবং ওয়েবসাইটে আপলোডসহ যে সকল দরদাতা অনলাইনে আবেদন করতে ইচ্ছুক তাদেরকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
১৫। পি এস টু প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬। ক্যাশিয়ার, নারায়ণগঞ্জ/সিদ্ধিরগঞ্জ/কদমরসুল আঞ্চলিক কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১৭। সম্পাদক, দৈনিক ................................................................ (তাঁকে বিজ্ঞপ্তিটি শর্তাবলী অংশ ব্যতীত তার পত্রিকায় ভিতরের পাতায় ৩ কলামে ১০" ইঞ্চি পরিসরে আগামী ...................... তারিখে ১ দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১৮। ............................................................................(তাকে বিজ্ঞপ্তিটি আগামী ...................... তারিখ (১ দিন) ৬ ঘন্টা সমগ্র সিটি এলাকায় ব্যাপক প্রচারের জন্য বলা হলো।
১৯। নোটিশ বোর্ড: নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়, জেলা প্রশাসক ও পুলিশ সুপারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সদর/বন্দর, প্রধান ডাকঘর/সাব-রেজিস্ট্রি অফিস/উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস ও হাসপাতালসমূহের নোটিশ বোর্ড।

২০। জনাব ........................................................ইজারাদার (সাবেক)
...........................................................................

(স্বাক্ষর) ২১/০১/২৬

(মো: নূর কুতুবুল আলম)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
ও
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন: ২২৪৪৩৮৬৯৬

CamScanner